চুয়াডাঙ্গায় অজ্ঞাত নারীর কংকাল উদ্ধার

চুয়াডাঙ্গা সদর উপজেলার নবীনগর গ্রামের একটি ভুট্টাক্ষেত থেকে অজ্ঞাত এক নারীর কংকাল উদ্ধার করেছে পুলিশ।

গতকাল বুধবার বিকেল তিনটায় পুলিশ বোরখা পরিহিত নারীর কংকাল উদ্ধার করে। লাশটি দীর্ঘদিনের হওয়ায় বয়স ও পরিচয় সনাক্ত করা যায়নি।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ মোহাম্মদ ফখরুল আলম খান জানান, এলাকাবাসির মাধ্যমে খবর পেয়ে পুলিশ সদর উপজেলার নবীনগর গ্রামের একটি ভুট্টাক্ষেত থেকে কংকালটি উদ্ধার করে। বোরখা পরিহিত থাকায় পুলিশের ধারণা কংকালটি কোনো নারীর। লাশের পরিচয় সনাক্ত করা যায়নি।

ওসি আরো জানান, ডিএনএ পরীক্ষা করে প্রয়োজনীয় তথ্য বের করার চেষ্টা করা হবে। কোনো নারী দীর্ঘদিন নিখোজ থাকলে সে ব্যাপারেও খোজ-খবর নেওয়া হবে।

ঘটনাস্থলটি চুয়াডাঙ্গা জেলার প্রায় শেষ সীমানা এবং ঝিনাইদহ জেলাসীমানার কাছাকাছি। সেজন্য পাশের দুজেলা ছাড়াও অন্য সম্ভাব্য জেলাগুলোতে খোজখবর নেওয়া হবে।

মেপ্র/আরপি

জীবননগরে দুর্নীতি বিরোধী বির্তক প্রতিযোগিতা অনুষ্ঠিত

জীবননগরে উপজেলা পর্যায়ে দুর্নীতি বিরোধী বির্তক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১০টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা হলরুমে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উপজেলা পর্যায়ে দুর্নীতি বিরোধী জাতীয় বির্তক প্রতিযোগিতায় অংশগ্রহনকারী বিজয়ীদের মাঝে পুরস্কার তুলেদেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দ্বিনেশচন্দ্রপাল, সমবায় অফিসার মতেহার হোসেন, জীবননগর ডিগ্রী কলেজের অধ্যক্ষ আলী আখতার, জীবননগর সরকারি আদর্শ মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ আলাউদ্দিন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোস্তাফিজুর রহমান, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী রাজিব হোসেন প্রমুখ।

মেপ্র/আরপি

চুয়াডাঙ্গা হত্যা মামলায় তিনজনের যাবজ্জীবন কারাদন্ড

চুয়াডাঙ্গায় কৃষক বাবুর আলী হত্যা মামলায় এক নারীসহ তিনজনকে যাবজ্জীবন কারাদন্ডের আদেশ দিয়েছেন আদালত।

গতকাল বুধবার বিকাল সাড়ে ৫টায় চুয়াডাঙ্গা জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মো. রবিউল ইসলাম এ রায় প্রদান করেন।

দন্ডপ্রাপ্তরা হলেন, আলমডাঙ্গা উপজেলার গড়চাপড়া গ্রামের আনছার আলীর ছেলে ইখতিয়ার আলী (২৭), মৃত বিল্লাল হোসেনের ছেলে মো. জুয়েল হোসেন ওরফে কুসুম (২৫) ও মৃত শাবান আলীর মেয়ে মোছা. মাহিমা খাতুন ওরফে ফুট্টুরি ওরফে লাবনী (২৩)।

চুয়াডাঙ্গার পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট বেলাল হোসেন বলেন, আলমডাঙ্গা উপজেলার গড়চাপড়া গ্রামের বাবুর আলী ওরফে বাবু ২০১৮ সালের ১৮ এপ্রিল বিকেলে বাড়ি থেকে বের হয়ে বাজারে যায় এবং একটি দোকানে চা পান করে সন্ধ্যা সাতটার পর থেকে নিখোজ হয়ে পড়ে। পরদিন সকালে গ্রামের একটি ছাপড়া ঘরে ধারালো অস্ত্র দিয়ে কোপানো বাবুর আলীর লাশ পাওয়া যায়।

ঘটনার একদিন পর ২০ এপ্রিল বাবুর আলীর স্ত্রী মমতাজ খাতুন আলমডাঙ্গা থানায় অজ্ঞাত আসামিদের নামে হত্যা মামলা দায়ের করে। এ মামলার তদন্তকারি কর্মকর্তা এসআই সাইফুল ইসলাম ২০১৯ সালের ১০ এপ্রিল আদালতে চার্জশিট প্রদান করেন। চার্জশিটে পাঁচজনকে আসামি করা হয়। এ মামলায় মোট ১৬ জন সাক্ষীকে পরীক্ষা করা হয়।

আসামিদের মধ্যে জুয়েল হোসেন কুসুম ও মাহিমা খাতুন লাবনী জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের কাছে স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করে।

সাক্ষ্যপ্রমানে মামলার অন্য দুজন আসামি কামাল হোসেন ও রশিদুল হকের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাদের দুজনকে বেকসুর খালাস প্রদান করা হয়।

মেপ্র/আরপি

আলমডাঙ্গায় শহরের ব্যবসা প্রতিষ্ঠান ভাংচুর ও কর্মচারীকে কুপিয়ে জখম

মাদক ব্যবসায়ীকে গ্রেফতারের জের ধরে আলমডাঙ্গা শহরের এক আসবাবপত্র ব্যবসা প্রতিষ্ঠান ভাংচুর, ব্যবসায়ী ও কর্মচারীকে রক্তাক্ত জখম করা হয়েছে। এ ঘটনায় থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

থানায় লিখিত অভিযোগ সূত্রে জানা গেছে, কুষ্টিয়া জেলার ইবি থানার শ্যামল কুমার সাহার ছেলে সুবিন্দর সাহা ওরফে মিঠুন ওরফে বিন্দু চিহ্নিত মাদক ব্যবসায়ী। নিজ এলাকায় টিকতে না পেরে কয়েক বছর আগে সুবিন্দর ওরফে মিঠুন ওরফে বিন্দু আলমডাঙ্গা শহরে বসবাস শুরু করে। আলমডাঙ্গা শহরে অবস্থানের পাশাপাশি মাদক ব্যবসা করার অভিযোগ রয়েছে। একাধিক বার পুলিশের হাতে মাদকসহ গ্রেফতার হয়েছে। গত রবিবার রাতে আলমডাঙ্গা থানা পুলিশ তাকে ৫ বোতল ফেনসিডিলসহ আটক

করে জেল হাজতে প্রেরণ করেছে।

এদিকে, সুবিন্দরের গ্রেফতারকে কেন্দ্র করে শুরু হয়েছে কুরুক্ষেত্র। মাদক ব্যবসায়ী সুবিন্দর বর্তমানে আলমডাঙ্গার টকিজ হল পাড়ায় বাদল মজুমদারের ঘর ভাড়া নিয়ে ফার্নিচারের ব্যবসা করছে। ফার্নিচারের ব্যবসার আড়ালে মাদকব্যবসা করার অভিযোগ রয়েছে।

গত রবিবার রাতে সুবিন্দরের গ্রেফতারের পর বাদল মজুমদার পুরাতন বাজারে অবস্থিত বেস্ট ফার্নিচারের মালিক আব্দুল্লাহর বিরুদ্ধে অভিযোগ তোলেন যে আব্দুল্লাহ ব্যবসায়ীক কারণে সুবিন্দরকে গ্রেফতার করিয়েছে।

এ নিয়ে ২ মার্চ রাতে আব্দুল্লাহ ও তার কর্মচারীদের সাথে বাদল মজুমদারের হাতাহাতি হয়। ওই ঘটনার জের ধরে পরদিন ৩ মার্চ বেলা ১১ টার দিকে বাদল মজুমদার ও তার কলেজ পড়ুয়া ছেলে উৎসের নেতৃত্বে কতিপয় যুবক বেস্ট ফার্ণিচারে ২ দফা হামলা চালিয়ে ভাংচুর করে।

বেস্ট ফার্নিচারের মালিক আব্দুল্লাহ ও তার কর্মচারি সোহেল ও আল আমিনকে বেধড়ক পিটিয়ে ও কুপিয়ে রক্তাক্ত করেছে। কুষ্টিয়া থেকে মাস্তান ভাড়া করে নিয়ে গিয়ে ওই হামলা করা হয়েছে বলে লিখিত অভিযোগে উল্লেখ করা হয়েছে।

সে সময় হামলাকারিরা দোকানের ড্রয়ার ভেঙ্গে সোয়া ২ লাখ টাকা নিয়ে গেছে বলে দাবি করা হয়েছে।

আহতদের মধ্যে সোহেলের অবস্থা গুরুতর। তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এ ঘটনায় আব্দুল্লাহ বাদী হয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন।

মেপ্র/আরপি

দর্শনায় স্বর্ণের বার ও মোটরসাইকেল সহ ২ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের অভিযানে ০১ টি স্বর্ণের বার যার ওজন ২২ ভরি ১৪ আনা ২ রতি ও ১ টি চখঅঞওঘঅ ১০০ ঈঈ লাল রঙের মোটরসাইকেল সহ ২ জনকে গ্রেপ্তার করা হয়েছে।
গ্রেফতারকৃত একজন আসামি মো: আলমগীর হোসেন (৩৫) গ্রাম ফুলবাড়ি, বইচিতলা পশ্চিম পাড়া গ্রামের পিতা মো: মফিজ উদ্দিনের ছেলে, অপরজন মো: নুর হক মল্লিক (২৭) গ্রাম বুইচিতলা বাগানপাড়া গ্রামের ইসমাইল মল্লিকের ছেলে, আটককৃত দুইজন আসামি দর্শনা থানার বাসিন্দা।

পুলিশ জানায়, গতকাল বেলা সাড়ে ১২ টার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানাধীন রামনগর গ্রামের দর্শনা টু কার্পাসডাঙ্গা গামী হাইওয়ে রোডে দর্শনা পৌরসভা সীমান্ত পিলার সংলগ্ন পাকা রাস্তার উপর চেকপোস্ট করা কালে ০২ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

দর্শনা থানা পুলিশ আরো জানায়, চেকপোস্ট করাকালে তাদের দিকে আসার সময় গাড়ি থামানোর জন্য সিগন্যাল দিলে দুই জন আসামি মোটরসাইকেল ফেলে দৌড়ে পালানোর চেষ্টা করলে ওসি মাহবুবুর রহমান এবং সঙ্গীয় ফোর্স নিয়ে তাদেরকে গ্রেফতার করা হয়।

গ্রেপ্তারকৃত আসামি দুই জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গায় বাউল সঙ্গীত অনুষ্টান অনুষ্টিত

আলমডাঙ্গা কলেজ পাড়ার যুব সম্প্রদায় আয়োজিত বাউল সঙ্গীত অনুষ্টান অনুষ্টিত হয়েছে।

গতকাল মঙ্গলবার রাত সাড়ে ৯ টার দিকে আলমডাঙ্গা শহীদ মিনার প্রাঙ্গনে যুব সম্প্রদায়ের পক্ষে হাসিবুল ইসলামের সভাপতিত্বে

প্রধান অতিথি উপস্থিত ছিলেন আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও পৌর কাউন্সিলর মতিয়ার রহমান ফারুক।

এসময় তিনি বলেন, বাংলার আউল, বাউল সম্প্রদায় হচ্ছে বাংলার প্রকৃতি রুপ। বাউল সম্রাট লালনের অনুসারি যারা তারা বলেন সোনার মানুষ ভজলে সোনার মানুষ হবি।

আজ এই অনুষ্টানে সঙ্গিত পরিবেশন করবেন আলমডাঙ্গার কৃতি সন্তান দুই বাংলায় যিনি সমান ভাবে সমাদ্রিত সেই লোক সঙ্গিত শিল্পি আব্দুল লতিফ শাহ। যিনি ভারতের পুরস্কার প্রাপ্ত চলচিত্র মনের মানুষ ছবিতে লালনের চিরিত্রে প্রসেনজিৎ এর সব কটি গান লতিফ শাহ কন্ঠ দিয়েছেন, তাকে আমারা অভিনন্দন জানাই।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, আলমডাঙ্গা পৌর সভার ৩ নং ওয়ার্ড কাউন্সিলর জহুরুল ইসলাম স্বপন।

রজবের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন বাউল শিল্পী লতিফ শাহ, সরকারি কলেজের প্রভাষক হাসিবুল হক, প্রভাষক জিয়াউর রহমান, নাট্যকার অভিনেতা রাজিবুল ইসলাম রাজিব, প্রভাষক মুরাদ হোসেন প্রমুখ।

সংগীত পরিবেশন করেন মঙ্গল, সহ বিশিষ্ট লোক সঙ্গিত শিল্পি বৃন্দ।

মেপ্র/আরপি

জীবননগরে জাতীয় বীমা সপ্তাহ পালিত

বীমা দিবসে শপথ করি,উন্নত দেশ গড়ি এই প্রতিপাদ্যকে সামনে রেখে বর্ণাঢ্য আয়োজনে জীবননগরে জাতীয় বীমা সপ্তাহ পালিত হয়েছে।

দিবসটি উপলক্ষে গতকাল রবিবার সকাল ১০টায় জীবননগর উপজেলা পরিষদ চক্তর থেকে একটি র্যালীবের হয়। এতে উপজেলার সকল বীমা কোম্পানী

গুলো অংশ নেয়। র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়।

পরে উপজেলা পরিষদের হলরুমে উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলামের সভাপতিত্বে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ইশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, সমাজ সেবা অফিসার মাসুদুর রহমান,সমবায় অফিসার মতেহার হোসেন,মহিলা নেন্ত্রী রেনুকা আক্তার,চামেলী খাতুন সহ সকল দপ্তরের কর্মকর্তা কর্মচারীগন উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে বিভিন্ন স্কুল, কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহনে রচনা প্রতিযোগিতায় অনুষ্ঠিত হয়। এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার দ্বিনেশচন্দ্র পাল।

মেপ্র/আরপি

চুয়াডাঙ্গায় বীমা দিবস পালিত

‘বীমা দিবসে শপথ করি উন্নত দেশ গড়ি’ স্লোগান নিয়ে চুয়াডাঙ্গায় প্রথম জাতীয় বীমা দিবস-২০২০ উদযাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে রোববার বেলা সাড়ে ১০টায় শহরে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসনের আয়োজনে চুয়াডাঙ্গা ডিসি সাহিত্য মঞ্চে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত জেলা প্রশাসক মনিরা পারভীন।

আলোচনা সভায় বীমা কোম্পানীর আহ্বায়ক আবুল কালাম, মহিলা বিষয়ক

অধিদপ্তরের উপপরিচালক আব্দুল আওয়াল ও সরকারি আদর্শ মহিলা কলেজের অর্থনীতি বিভাগের প্রভাষক শাহিনুর রহমান বক্তব্য রাখেন।

বীমা দিবসে চুয়াডাঙ্গায় কর্মরত ১৫টি লাইফ ইন্স্যুরেন্স ও নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানীর কর্মকর্তা-কর্মচারীরা অংশগ্রহণ করেন।

মেপ্র/আরপি

জনবল সংকটে চুয়াডাঙ্গার ৫টি রেলস্টেশন বন্ধ

চুয়াডাঙ্গা জেলার ১০ রেলস্টেশনের মধ্যে একে একে ৫টিকে বন্ধ ঘোষণা করেছে কর্তৃপক্ষ। জনবল সংকটসহ নানা কারণে এগুলো বন্ধ ঘোষণা করা হয়। ফলে এসব এলাকার জনগণকে নানা দূর্ভোগ পোহাতে হচ্ছে। পড়ে থেকে নষ্ট হচ্ছে রেলওয়ের মূল্যবান সম্পদ। চুরি যাচ্ছে সংরক্ষণের অভাবে। এলাকাবাসীর দাবী, রেলের গৌরব ফেরাতে আবারও পুনরুজ্জীবিত করা হোক বন্ধ স্টেশনগুলো।

রেলওয়ে সূত্র জানায়, ব্রিটিশ শাসনামলে দেশের প্রথম রেলপথ স্থাপন করা হয় চুয়াডাঙ্গায়। এ পথে জেলার মধ্যে রয়েছে ১০টি রেলস্টেশন। জনবল সংকটসহ নানা কারণে প্রায় দেড় দশক আগে থেকে বন্ধ ঘোষণা শুরু হয় জেলার এক-একটি রেলস্টেশন। বছর খানেক আগে যার সর্বশেষ প্রভাব পড়ে জেলার সর্ববৃহৎ উপজেলা শহর এবং দেশের একমাত্র দ্বিতল রেলস্টেশন আলমডাঙ্গায়। বর্তমানে জেলার আলমডাঙ্গা, মুন্সিগঞ্জ, মোমিনপুর, জয়রামপুর ও আনসারবাড়িয়া স্টেশন বন্ধ রয়েছে।

স্ব স্ব স্টেশন ঘুরে জানা যায়, জেলায় বন্ধ হয়ে যাওয়া স্টেশনগুলোর প্রতিটিতে অন্তত তিনজন স্টেশন মাস্টার, তিনজন পোর্টার, তিনজন পয়েজম্যান ও তিনজন গেটম্যান থাকা দরকার। কিন্তু মোমিনপুর স্টেশন ছাড়া এসব স্টেশনের কোনটিতেই মাস্টার নেই। বাকীগুলো চলছে এক-দু’জন গেটম্যান কিম্বা পোর্টার দিয়ে। অন্য পদগুলো বিভিন্ন সময়ে খালী হয়ে পড়ায় কর্তৃপক্ষ বাধ্য হয়ে এসব স্টেশন বন্ধ করে দেয়।

আসনারবাড়িয়া গ্রামের বাসিন্দা খান তারিক মাহমুদ জানান, তাদের স্টেশনটি জেলার মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ স্টেশন। রাজস্ব আদায় হয় উল্লেখযোগ্য। প্রায় ১৪ বছর আগে থেকে স্টেশনটি জনবল সংকটে পড়ে।

মুন্সিগঞ্জ গ্রামের বাসিন্দা দেবেন্দ্রনাথ বাবুলাল জানান, এ স্টেশন দিয়ে এলাকার সাধারণ মানুষের পাশাপাশি কৃষক, শিক্ষার্থী, অসুস্থ মানুষেরা নানা প্রয়োজনে বড় শহরগুলোতে যাতায়াত করেন। কিন্তু রেলস্টেশন বন্ধ ঘোষণার কারণে এলাকাবাসী মারাত্মক ভোগান্তিতে পড়েছে।

আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম বলেন, এলাকাবাসী রেল ভ্রমণের সময় রেলসংক্রান্ত কোন তথ্য জানতে চাইলে জেলার বন্ধ স্টেশনগুলোতে সে সুবিধা পান না। রেলে অবস্থান জানতে পারেন না।

এলাকাবাসী জানান, বন্ধ স্টেশনগুলো আবারও চালু করা গেলে একদিকে যেমন রেলওয়ের রাজস্ব বাড়তো। অন্যদিকে এসব এলাকার অর্থনীতিতেও পরিবর্তন আসতো। সমৃদ্ধ হতো এলাকার ব্যবসা বাণিজ্য।

চুয়াডাঙ্গার স্টেশন মাস্টার মো: মিজানুর রহমান জানান, জনবল সংকটের কারণে শুধু চুয়াডাঙ্গায় নয়। দেশের বিভিন্ন প্রান্তে একের পর এক রেলস্টেশন বন্ধ করতে বাধ্য হচ্ছে কর্তৃপক্ষ। তবে স্বল্প জনবল নিয়ে স্টেশনগুলো সঠিক সেবা দেয়ার চেষ্টা তারা করছেন। এ বিষয়ে কর্তৃপক্ষ অচিরেই ইতিবাচক সিদ্ধান্ত গ্রহণ করবে বলে তিনি প্রত্যাশা করেন।

মেপ্র/আরপি

আলমডাঙ্গার সাহিত্যিক আ.ফ.ম সিরাজ সামজী চিকিৎসার

উদ্দেশ্যে ভারতে গমন

আলমডাঙ্গা সাহিত্য পরিষদের প্রতিষ্টাতা ও সম্পাদক আ.ফ.ম সিরাজ সামজী চিকিৎসার উদ্দেশ্যে ভারতে যাচ্ছে। সবার কাছে দোয়া প্রার্থনা করেছেন।

সম্প্রতি আ.ফ.ম সিরাজ সামজী ডায়েবেটিস, চক্ষুরোগে আক্রান্ত হয়ে ঢাকা বারডেম হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা গ্রহন করেছেন। এর পর চোখের রোগে আক্রান্ত হলে ঢাকা কুষ্টিয়া সহ বিভিন্ন জায়গায় চিকিৎসা করেছেন।

কিন্ত চোখের সমস্যা দিন দিন আরও বেড়ে যাওয়ায় চিকিৎসকের পরামর্শে ভারতে উন্নত চিকিৎসা করার পরামর্শ দিলে।

আজ শুক্রবার তিনি দর্শনা বর্ডার হয়ে ভারতের কোলতায় ডাক্তার দেখনোর উদ্দেশ্যে রওনা দেবেন। সিরাজ সামজী ফরিদপুরে বিশ্বজগৎ বিশ্ববিদ্যালয়ের স্বপ্ন দ্রষ্টা। তিনি একটি স্কুল, একটি মসজিদ, একটি লাইব্রেরী প্রতিষ্টা করেছেন। সে ১৯৯২ সালে আলমডাঙ্গা সাহিত্য পরিষদ গঠন করেন। ব্যাক্তি জীবনে সে ফ্যামেলি প্লানিংয়ে চাকরি করতেন। অবসর গ্রহনের পর থেকে সাহিত্য জগতে বেশির ভাগ সময় দেন।

তার লেখা ৩ টি বই প্রকাশিত হয়েছে, ২০২০ সালে ২১শে বই মেলায় তার একটি কাব্যগ্রস্থ স্টলে ছিল। সে সকলের কাছে দোয়া চেয়েছেন।

মেপ্র/আরপি